

আমাদের সাথে যোগাযোগ করুন

- আপনার কাছাকাছি কোনো সাবওয়ে স্টেশনে
গ্রাহক পরিষেবা কেন্দ্র থুঁজুন: mta.info/csc
অথবা **511** নম্বরে কল করুন
- Lower Manhattan-এর 3 Stone St-এ
অবস্থিত গ্রাহক পরিষেবা কেন্দ্র যান, সোমবার-
শুক্রবার, সকাল 9টা থেকে বিকেল 5টা পর্যন্ত।
- 877-789-6669** নম্বরে OMNY কল
সেন্টারে কল করুন
- আপনার এলাকায় আমাদের মোবাইল
সেলস টিমের সাথে দেখা করুন:
mta.info/mobilesales

আরও জানুন

mta.info/omny



আপনার
হ্রাসকৃত-ভাড়ার
OMNY কার্ড
সম্পর্কে যা জানতে হবে

 **OMNY**

 **OMNY**

সাবওয়ে এবং বাসে ভ্রমণের জন্য
আপনার হ্রাসকৃত-ভাড়ার OMNY
কার্ডটি ট্যাপ করার বিষয়ে আপনার যা
জানা দরকার, তা এখানে দেওয়া হলো।

কীভাবে লোড করবেন

MetroCard-এর মতোই নগদ, ক্রেডিট বা ডেবিট
ব্যবহার করে একাধিক জায়গা থেকে আপনার
হ্রাসকৃত-ভাড়ার OMNY কার্ড লোড করুন।

- সাবওয়ে স্টেশনে OMNY ভেন্ডিং মেশিন:
omny.info/omny-card

- CVS এবং Walgreens সহ আপনার নিকটস্থ
স্টোর: **omny.info/retail**
- একটি বিনামূল্যের OMNY অ্যাকাউন্টের মাধ্যমে
অনলাইনে: **omny.info**

কীভাবে বিনামূল্যে OMNY অ্যাকাউন্ট পাবেন

রেজিস্টার করার জন্য **omny.info**-তে যান।

ব্যালেন্স চেক এবং রিলোড করতে, স্বয়ংক্রিয় রিলোড
সেট আপ করতে, আপনার ভ্রমণ ট্র্যাক করতে এবং
আরও অনেক কিছু করতে আপনার OMNY
কার্ডটিকে ট্রান্সল কার্ড হিসেবে আপনার অ্যাকাউন্টের
সাথে লিঙ্ক করুন।

ট্যাপ করার জন্য আপনার OMNY অ্যাকাউন্টের
প্রয়োজন নেই।

আপনার MetroCard ব্যালেন্স কীভাবে ট্রান্সফার করবেন

একটি MTA গ্রাহক পরিষেবা কেন্দ্র অথবা একটি
মোবাইল সেলস ভ্যানে যান।

আপনি এটি হারিয়ে ফেললে

একটি রিপ্লেসমেন্ট কার্ডের জন্য গ্রাহক পরিষেবা
কেন্দ্রে অথবা মোবাইল সেলস ভ্যানে যান। কার্ড
হারিয়ে যাওয়ার রিপোর্ট করার সময় কার্ডে থাকা
অবশিষ্ট ব্যালেন্স আপনার নতুন কার্ডে থাকবে।

হারানো বা চুরি যাওয়া কার্ড অবিলম্বে ফ্রিজ
করতে, OMNY কল সেন্টারে কল করে
কার্ডের নম্বরটি দিন অথবা, আপনার কার্ডটি
OMNY অ্যাকাউন্টের সাথে লিঙ্ক করা থাকলে,
omny.info-তে যান।

এটি কীভাবে ব্যবহার করবেন

MTA সাবওয়ে এবং বাস, স্টেটেন আইল্যান্ড
রেলওয়ে, রুজভেল্ট আইল্যান্ড ট্রাম এবং হাডসন
রেল লিঙ্কে আপনার হ্রাসকৃত-ভাড়ার OMNY
কার্ডটি ট্যাপ করুন।

আপনি সাত দিনের মধ্যে আপনার হ্রাসকৃত
ভাড়ার OMNY কার্ড দিয়ে 12টি ভাড়া পরিশোধ
করলে, সেই সাত দিনের মধ্যে অন্য যেকোনো ভ্রমণ
বিনামূল্যে হবে।

হ্রাসকৃত-ভাড়ার OMNY কার্ড দিয়ে আপনি
শুধুমাত্র নিজের যাত্রার জন্য পেমেন্ট করতে
পারবেন।

যদি ট্যাপ করার সময় আপনার কার্ড গৃহীত না হয়,
তাহলে আপনার ব্যালেন্স চেক করুন। যদি স্ক্রিনে
"যাত্রার সীমা অতিক্রম
করেছে" দেখায়, তাহলে
আপনি সম্প্রতি একই
স্টেশনে ট্যাপ করেছেন
এবং আবার ট্যাপ করার
জন্য আপনাকে 15 মিনিট
অপেক্ষা করতে হবে।

